

Times Today BD

সিনিয়র রিপোর্টার | ঢাকা | 12 April, 2025

ফিলিস্তিনের গাজার চলমান ইসরায়েলি আগ্রাসনের প্রতিবাদে রাজধানী ঢাকার ঐতিহাসিক সোহরাওয়ার্দী উদ্যানে চলছে ‘মার্চ ফর গাজা’ কর্মসূচি। এই কর্মসূচিকে ঘিরে মানবিক উদ্যোগও চোখে পড়ছে।

শনিবার (১২ এপ্রিল) সোহরাওয়ার্দী উদ্যানের আশেপাশে দেখা গেছে একদল তরুণ-যুবককে, যারা গরমে হাঁটতে থাকা তৃষ্ণার্ত মানুষের হাতে তুলে দিচ্ছেন ঠান্ডা পানি ও শরবত।

কর্মসূচিতে অংশ নেওয়ারা জানান, প্রচণ্ড রোদের মধ্যে যখন একটু পানির জন্য হাহাকার চলছে, তখন এ ধরনের উদ্যোগ নিঃসন্দেহে প্রশংসার দাবিদার।

এ কাজে অংশগ্রহণকারীরা বলছেন, গাজার মানুষের পাশে দাঁড়ানোর পাশাপাশি নিজেদের আশেপাশের মানুষকেও সামান্য স্বস্তি দিতে চাইছেন তারা।

হাসেম নামের একজন স্বেচ্ছাসেবক বলেন, আমরা শুধু প্রতিবাদ করেই থেমে থাকছি না, পাশাপাশি মানবিক সহানুভূতির দৃষ্টান্তও স্থাপন করতে চাই। গাজার মানুষ যেমন কষ্টে আছে, আমরাও চাই তাদের জন্য কিছু করতে। এই শরবতের কাপটা আমাদের একাত্মতার প্রতীক।

এদিকে, এই কর্মসূচিতে অংশ নেওয়া মানুষের কাছে ইসরায়েলি পণ্য বর্জনের আহ্বানে লিফলেট বিতরণ করা হচ্ছে।

বিভিন্ন সামাজিক ও ছাত্র সংগঠনের উদ্যোগে এই লিফলেট বিতরণ কার্যক্রম পরিচালিত হচ্ছে। শনিবার সোহরাওয়ার্দী উদ্যানসহ বিভিন্ন স্থানে এই লিফলেট বিতরণ করা হয়।

লিফলেটে সবাইকে ইসরায়েলি স্বার্থ সংশ্লিষ্ট কোম্পানির পণ্য বর্জনের আহ্বান জানানো হয়েছে।

এদিকে সামাজিক যোগাযোগমাধ্যমেও ইসরায়েলি পণ্য বর্জনের ব্যাপক প্রচারণা চলছে। এছাড়া #□□□□□□□□□□□□□□□□ ও #□□□□□□□□□□□□□□□□ হ্যাশট্যাগ ব্যবহার করে ব্যাপক প্রচারণা চলছে। তরুণ-তরুণীরা এই প্রচারণায় অগ্রণী ভূমিকা রাখছে।

গাজার চলমান মানবিক বিপর্যয় সম্পর্কে সচেতনতা তৈরি ও আন্তর্জাতিক মহলের দৃষ্টি আকর্ষণ করাই এই কর্মসূচির উদ্দেশ্য বলে আয়োজকরা জানিয়েছেন।

‘মার্চ ফর গাজা’ কর্মসূচিতে অংশ নিয়েছে লাখ-লাখ মানুষ। এ কর্মসূচিতে অংশ নিতে সকাল থেকেই রাজধানীসহ দেশের বিভিন্ন প্রান্ত থেকে লাখে লাখে মানুষ ঢাকায় সমবেত হয়েছেন। তাদের হাতে আছে ফিলিস্তিনের পতাকা, গলায় প্রতিবাদী স্লোগান—এক দৃষ্ট উচ্চারণে বিশ্ব বিবেককে নাড়া দেওয়ার বার্তা।

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 June, 2025 03:48

URL: <https://timestodaybd.com/dhaka/775807668>